



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/১১৮/গাজী/ ৭৪০

তারিখ: ১২/০৭/২২

বিষয় : মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।


সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০১/০৬/২০২২ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০১১.২১.১৩৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে টেপিরবাড়ী আনসার উচ্চ বিদ্যালয়-কে ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে মানবিক শাখায় একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং পদতু মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতি নবায়নের জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ


- ১। এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- ৩। প্রশিক্ষণবিহীন স্নাতক শিক্ষকগণকে পর্যায়ক্রমে প্রশিক্ষণে প্রেরণসহ জুনিয়র শিক্ষকদের শিক্ষাগত যোগ্যতা বৃদ্ধির জন্য বিধি মোতাবেক সুযোগ দিতে হবে।
- ৪। সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ন বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৫। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ৬। বিজ্ঞানাগারের জন্য কমপক্ষে ২০,০০০/- (বিশ হাজার) টাকার প্রয়োজনীয় বৈজ্ঞানিক সরঞ্জামাদি ক্রয় করে ভাউচারসহ সরঞ্জামের তালিকা পেশ করতে হবে।
- ৭। বিদ্যালয় পাঠাগারে, মানসম্মত বিষয়ভিত্তিক আরো ১০,০০০/- (দশ হাজার) টাকার বই ক্রয় করে ভাউচার ও বইয়ের তালিকা জমা দিতে হবে এবং শিক্ষার্থীদের জ্ঞান প্রসারের লক্ষ্যে তাদের নিকট নিয়মিত বই সরবরাহ করে পাঠাভ্যাস গড়ে তোলার জন্য উৎসাহিত করতে হবে।
- ৮। খেলাধুলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আগিনায় ফুলের বাগান তৈরী এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
- ৯। বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বিতর্ক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে।
- ১০। একাডেমিক স্বীকৃতির মেয়াদ শেষ হওয়ার ০৩(তিন) মাস পূর্বে স্বীকৃতি নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১১। বিদ্যালয়ে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগযোগ্য জনবলের বেতন-ভাতাদি নিজস্ব তহবিল হতে বহন করতে হবে।
- ১৩। বিদ্যালয়ের জমির দলিল, উক্ত জমি বিদ্যালয়ের নামে নামজারি ও খারিজ খতিয়ান সম্পন্ন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


প্রফেসর মোহাম্মদ আবুল মনসুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

✓ প্রাপক : প্রধান শিক্ষক
টেপিরবাড়ী আনসার উচ্চ বিদ্যালয়
পোঃ- টেংরা, উপজেলা- শ্রীপুর
জেলা- গাজীপুর।

মেমো নং- ৭৪০(৮)


০৮/০৭/২০২২

তারিখ: ১২/০৭/২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীপুর, গাজীপুর।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৭। সভাপতি, ম্যানেজিং কমিটি, টেপিরবাড়ী আনসার উচ্চ বিদ্যালয়।
- ৮। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।